



স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৯২১৩

তারিখ: ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ


অফিস আদেশ

আদমপুর ফাজিল মাদরাসা, ডাকঘর: পতন, উপজেলা: বিজয়নগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪.০৩.২০২০ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারীর কারণে উদ্ভূত পরিস্থিতিতে সরেজমিনে পরিদর্শন করা সম্ভব না হওয়ায় অধিভুক্তি কমিটির ৭ম সভার সুপারিশের আলোকে আবেদনের তথ্য-উপাত্তের ভিত্তিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২১ খ্রি. থেকে ২৫.০৩.২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ :

১. শূন্যপদ সমূহে অনতিবিলম্বে নিয়োগের ব্যবস্থা করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করত: গাইড বই শ্রেণিকক্ষে আনয়ন নিষিদ্ধ করতে হবে।
৩. সকল শ্রেণি বিশেষ করে ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের ক্লাসমুখী করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে।
৪. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের পাশাপাশি আরবি ও ইংরেজিতে দক্ষ করে গড়ে তুলতে হবে।
৫. বঙ্গবন্ধু কর্নারকে সমৃদ্ধ করার লক্ষ্যে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ বিষয়ক বই দিয়ে কর্নার সাজাতে হবে।
৬. নিয়মিত বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে।
৭. কলমনার ক্যাশবই যথাযথভাবে পূরণ করত: আয়-ব্যয়ের ভাউচার সংরক্ষণ করতে হবে।
৮. মাদরাসার ক্যাম্পাসকে পরিষ্কার পরিচ্ছন্ন ও ফুলগাছ লাগিয়ে দৃষ্টিনন্দন করতে হবে।
৯. মাদরাসার সাইবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

 16.06.21

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

আদমপুর ফাজিল মাদরাসা

ডাকঘর: পতন, উপজেলা: বিজয়নগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৭/৯২১৩

তারিখ: ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ  
১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, আদমপুর ফাজিল মাদরাসা, ডাকঘর: পতন, উপজেলা: বিজয়নগর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া।
- ৭। অফিস নথি।

 ১৬/০৬/২০২১

(এস.এফ.এম. আসাদ আউয়াল)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৬৮০-১৪৭৬১৩

অধি/নবায়ন/ফাইল নং- চট-১৯২